

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

এফআইডি সার্কুলার নম্বর: ০৮

তারিখ: ২৪ জুলাই, ২০০৫
৯ শ্রাবণ. ১৪১২

প্রধান নির্বাহী,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানসমূহের IPO ইস্যু প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে ৩০ এপ্রিল ২০০৫ তারিখের এফআইডি সার্কুলার নং-০৩ এবং ০৫ জুন ২০০৫ তারিখের এফআইডি সার্কুলার নং-০৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

এক্ষণে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, যে সকল আর্থিক প্রতিষ্ঠানের মূলধন ও রিজার্ভ ৩১ ডিসেম্বর ২০০৪ তারিখে ২৫.০০ (পঁচিশ) কোটি টাকায় উন্নীত হয়েছে এবং এখনও IPO ইস্যু করেনি, তাদেরকে আগামী ৩১ ডিসেম্বর ২০০৫ তারিখের পূর্বে কমপক্ষে ৫.০০ কোটি টাকার IPO ইস্যু করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে কোন প্রতিষ্ঠান IPO ইস্যু করতে ব্যর্থ হলে সেই সকল প্রতিষ্ঠানকে বাংলাদেশ ব্যাংক বর্ধিত অংকের IPO ইস্যুর নির্দেশ প্রদান করতে পারে।

আর্থিক প্রতিষ্ঠান আইন ১৯৯৩ এর ১৮(ছ) ধারার আওতায় এ নির্দেশ জারী করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত

(সুধীর চন্দ্র দাস)
মহাব্যবস্থাপক(ভারপ্রাপ্ত)
ফোন : ৭১২০৯৫৬।